



জাতীয় বিশ্ববিদ্যালয়ের আজকের পরীক্ষাও স্থগিত

প্রকাশিত: ০৫ - মে, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || ঘূর্ণিবাড় ফণীর কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আজ রবিবারের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। এছাড়া বাংলাদেশ উন্নত বিশ্ববিদ্যালয়ের শনিবারের স্থগিত হওয়া পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ মে।

শনিবার পৃথক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বদরজামান জানিয়েছেন, ঘূর্ণিবাড় ফণীর কারণে রবিবারের (আজ) সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষার পরবর্তী তারিখ ও সময় সংশ্লিষ্ট সবাইকে পরবর্তী সময়ে জানানো হবে। এর আগে একই কারণে শনিবারের পরীক্ষাও স্থগিত করেছিল জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এদিকে বাংলাদেশ উন্নত বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড) প্রোগ্রামের শনিবারের স্থগিত হওয়া পরীক্ষা আগামী ১১ মে শনিবার একই সময় ও স্থানে অনুষ্ঠিত হবে। উন্নত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক মোঃ আবুল কাসেম শিকদার এ তথ্য জানিয়েছেন।

উপাচার্যের পদত্যাগের দাবিতে উত্তাপ গণবিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ভূমকি দেয়ার প্রতিবাদে উপাচার্যের পদত্যাগের দাবিতে আন্দোলন করছেন বেসরকারী গণবিশ্ববিদ্যালয়ের (গবি) শিক্ষার্থীরা। শনিবার সকাল থেকেই বৈরী আবহাওয়া ও প্রচ- বৃষ্টি উপেক্ষা করেই বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে তালা লাগিয়ে উপাচার্যের পদত্যাগের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয়ের সকল প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম বন্ধ করে কোন কর্মকর্তা-কর্মচারীকে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করতে দেননি তারা। বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র পরিষদের আহ্বায়ক রনি আহমেদ বলেন, গত একমাস যাবত বৈধ উপাচার্যের দাবি জানিয়ে এলেও বর্তমান অবৈধ উপাচার্য ডাঃ লায়লা পারভীন চূড়ান্ত কোন সমাধান ছাড়াই গত বৃহস্পতিবার ক্লাস, পরীক্ষা শুরু করার নির্দেশ দেন। সেই সঙ্গে মুঠোফোনে তিনি হামলা ও মামলার ভূমকি দেন। এমন ভূমকিদাতাকে উপাচার্য মানি না। আমরা তার পদত্যাগ চাই।

সাধারণ ছাত্র পরিষদের সমন্বয়ক শেখ রনি জানান, এমন উপাচার্যের অধীনে আমরা নিজেদের নিরাপদ মনে করছি না। তিনি ভুল স্বীকার করে ক্ষমা না চাওয়া পর্যন্ত এবং পদত্যাগ না করা পর্যন্ত আমরা আন্দোলন চালিয়ে যাব।

গত ৬ এপ্রিল থেকে বেধ উপাচার্যের দাবিতে আন্দোলন করে আসছেন সাধারণ শিক্ষার্থীরা। গত বৃহস্পতিবার ডাঃ লায়লা পারভীন তার পেছনে গোয়েন্দা সংস্থা ও সরকার আছে বলে শিক্ষার্থীদের গ্রেফতারের ভূমকি দেন। এতে ক্ষুধা হয়ে তার পদত্যাগের দাবি জানান শিক্ষার্থীরা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃশিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ এন্ড রিসার্চ ইনসিউট, কুমিল্লা। ফ্যাক্স: ৯৮৪২২৪০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৪২২৪০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com